প্রতিরোধ একটি সহজ পদক্ষেপ

REGIONE DEL VENETO
Servizio Socio Sanitario Regionale
In Universum Salus
VIVO BENE VENETO
Piano Regionale Prevenzione del Veneto

স্তন ক্যান্সার স্ক্রিনিং

এটি কী

এটি স্তন ক্যান্সার প্রাথমিক পর্যায়ে শনাক্ত করার একটি বিনামূল্যের স্বাস্থ্যসেবা কার্যক্রম, যা আমন্ত্রণ গ্রহণের সময় থেকে রোগ নির্ণয় এবং সম্ভাব্য ক্ষতের চিকিৎসা পর্যন্ত আপনাকে সহায়তা করে।

সম্পূর্ণ স্বাস্থ্যসেবা কার্যক্রমের ব্যয় আঞ্চলিক স্বাস্থ্যসেবা ব্যবস্থা বহন করে।
চিকিৎসকের রেফারেল প্রয়োজন নেই


কাদের জন্য

ভেনেতো অঞ্চলে স্থায়ী বা অস্থায়ীভাবে বসবাসকারী 45 থেকে 74 বছর বয়সী নারীদের জন্য

কত সময় পরপর

প্রতি 2 বছরে ম্যামোগ্রাফি নামক একটি রেডিওলজিক্যাল পরীক্ষার মাধ্যমে করা হয়

কীভাবে করা হয়



ম্যামোগ্রাফি করতে কয়েক মিনিট সময় লাগে স্তনে চাপ দেওয়ার ফলে সামান্য অস্বস্তি হতে পারে, তবে তা দ্রুত চলে যায়।

দুজন রেডিওলজিস্ট আলাদাভাবে ছবিগুলো পর্যালোচনা করেন।
একটি পরীক্ষা ও পরবর্তী পরীক্ষার মধ্যবর্তী সময়ে কোনো উপসর্গ দেখা দেয় কি না সেদিকে খেয়াল রাখা জরুরি — যেমন কোনো গাঁট, স্তনে ব্যথা, স্তনবৃন্ত থেকে তরল নিঃসরণ বা আকৃতির পরিবর্তন — এবং পরবর্তী আমন্ত্রণের জন্য অপেক্ষা না করে নিজের চিকিৎসককে তা জানানো উচিত।

স্বাস্থ্যসেবা কার্যক্রম

- আপনি বাড়িতে এবং ইলেকট্রনিক স্বাস্থ্য রেকর্ডে আমন্ত্রণপত্র পাবেন।
- আপনি ইলেকট্রনিক স্বাস্থ্য রেকর্ডের মাধ্যমেও অ্যাপয়েন্টমেন্ট পরিবর্তন করতে পারবেন
- ম্যামোগ্রাফির ফলাফল নেগেটিভ হলে: আপনি আপনার ULSS থেকে একটি বার্তা এবং দুই বছর পর পরবর্তী আমন্ত্রণ পাবেন।
- ম্যামোগ্রাফির ফলাফল পজিটিভ হলে: আপনি আপনার ULSS থেকে একটি বার্তা এবং আরও পরীক্ষা করানোর আমন্ত্রণ পাবেন

ম্যামোগ্রাফির ফলাফল পজিটিভ হওয়ার অর্থ এই নয় যে ক্যান্সার হয়েছে: এটি আরও পরীক্ষা করানোর প্রয়োজনীয়তা নির্দেশ করে। ঠিক এ কারণেই আপনাকে যে বিস্তারিত পরীক্ষাগুলো করানোর দেওয়া হবে, সেগুলো করানো গুরুত্বপূর্ণ।

কেন করাবেন

স্ক্রিনিংয়ের মাধ্যমে ক্যান্সার ছোট থাকা অবস্থাতেই শনাক্ত করা যেতে পারে। এতে কম পার্শ্বপ্রতিক্রিয়ায় চিকিৎসা করা সহজ হয় এবং সুস্থ হওয়ার সম্ভাবনা বেরে যায়

ক্যান্সার স্ক্রিনিংয়ে অংশগ্রহণ করা একটি সহজ পদক্ষেপ

আরও জানতে এবং অ্যাপয়েন্টমেন্টের অনুরোধ করতে:

আঞ্চলিক ওয়েবপেজের মাধ্যমে আপনার ULSS-এর সঙ্গে যোগাযোগ করুন

অথবা আপনার ইলেকট্রনিক স্বাস্থ্য রেকর্ডে যান Fascicolo Sanitario Elettronico Sanità km zero